

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**
Date: 03-01-2025
Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN

Headlines :

- (১) রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিও নাল্লু ছাত্র-ছাত্রীদের লেখাপড়ার পাশাপাশি রাষ্ট্র নির্মাণ এবং সমাজ নির্মাণের কাজে অংশীদার হ্বার আহ্বান জনিয়েছেন।
- (২) আগরতলা পূর্ব নিগমের মেয়র দীপক মজুমদার আজ আগরতলায় দুদিন ব্যাপী রাজ্য ভিত্তিক বাল বৈজ্ঞানিক প্রদর্শনীর উদ্বোধন করেন।
- (৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে ২০২৫ সাল বিশ্বে ভারতের অবস্থানকে শক্তিশালী করার বছর হবে।
- (৪) প্রাক্তন কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিব অজয় কুমার ভাল্লা আজ মণিপুরের রাজ্যপাল হিসাবে শপথ নেন।
- (৫) ত্রিপুরা ও বিহারের মধ্যে বিজয় মার্টেন্ট ট্রফি অনূর্ধ্ব ১৬ বছরের ক্রিকেটের প্লেট গ্র্যান্ড ফাইন্যাল খেলা আজ থেকে ভুবনেশ্বরে শুরু হয়েছে।

ABVP State Conference :

অগ্রিম ভারতীয় বিদ্যার্থী পরিষদ, এবিভিপি রাজ্য সংগঠনের তিনি দিবসীয় অধিবেশন আজ থেকে শুরু হল উত্তর ত্রিপুরা জেলার ধর্মনগর বিবেকানন্দ সার্ধ শতবার্ষিকী ভবনে। আজ বিকেলে অধিবেশনের উদ্বোধন করেন রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিও নাল্লু। উপস্থিত ছিলেন রাজ্য বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন, এবিভিপির রাষ্ট্রীয় সহ সভাপতি মন্দার ভানুশে, প্রদেশ সভাপতি ডঃ দেবরাজ পানিগ্রাহীসহ আর অনেকে।

এই অনুষ্ঠান রাজ্যপাল বলেন, তিনি এবি ভি পি ঘরানার লোক। তিনি ছাত্র-ছাত্রীদের লেখাপড়ার পাশাপাশি রাষ্ট্র নির্মাণ এবং সমাজ নির্মাণের কাজে অংশীদার হবার আহ্বান জানান। তিনি বলেন আগামী দিনে এই শিক্ষার্থীরা রাষ্ট্রকে নতুন পথ এবং দিশা দেখাবে এবং ছাত্র শক্তির মাধ্যমে রাষ্ট্রের শক্তির বিকাশ হবে।

Rastriya Bal Bigyan Divas :

আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার আজ আগরতলায় মহারানী তুলসীবতী বালিকা বিদ্যালয়ে দুদিন ব্যাপী রাজ্য ভিত্তিক বাল বৈজ্ঞানিক প্রদর্শনীর উদ্বোধন করেন। উদ্বোধনী ভাষণে মেয়র বলেন, জেলা স্তরে বিজ্ঞান প্রদর্শনীর পর বাছাই করা মডেল নিয়ে রাজ্যভিত্তিক এই অনুষ্ঠান হচ্ছে। এখান থেকে প্রতিভাবান ছাত্রছাত্রীদের মডেল কেন্দ্রীয় স্তরে যাবে। অনুষ্ঠানে শিক্ষা দপ্তরের বিশেষ সচিব রাভেল হেমেন্দ্র কুমার বলেন, প্রদর্শনীতে ছাত্রছাত্রীদের বিজ্ঞান মডেল প্রদর্শন ছাড়াও সবুজায়ন নিয়ে কৃষ্ণজ এবং স্বাস্থ্য বিষয়ে বিজ্ঞান বিষয়ে সেমিনার হবে। অনুষ্ঠানে আলোচনা করেন বুনিয়াদি শিক্ষা দপ্তরের অধিকর্তা এনসি শর্মা।

PM Matsya Sampada :

মৎস্য দপ্তরের অধিকর্তা সন্তোষ দাস জানিয়েছেন প্রধানমন্ত্রী মৎস্য সম্পদ যোজনায় রাজ্যে ৩৯ হাজার ৪০০ জন মৎস্যজীবী সুবিধাভোগীকে বিভিন্ন প্রকল্পে সুবিধা প্রদানের লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। তারমধ্যে গত চার বছরে ২২ হাজার ৬৯৬ জন সুবিধাভোগী মৎস্য চাষী এই প্রকল্পের বিভিন্ন সুবিধা পেয়েছেন। আকাশবাণীর প্রতিনিধিকে তিনি জানান এই প্রকল্পের আওতায় ৭৩৪ দশমিক তিন দুই হেক্টের পুরুর খনন করার লক্ষ্যমাত্রা নেয়া হয়েছে। তার মধ্যে এখন পর্যন্ত ৩৬১.৬৪ হেক্টের পুরুর খনন করা হয়েছে মাছ চাষের জন্য। ২০২০ - ২১ থেকে ২০২৪ - ২৫ অর্থবছরে প্রধানমন্ত্রী মৎস্য সম্পদ যোজনায় রাজ্যে মাছের উৎপাদন বাড়াতে ১৮টি হ্যাচারি নির্মাণ করা হয়েছে।

ডুষ্টুর জলাশয়ে মৎস্য চাষের সঙ্গে যুক্ত ৭১৮৫ জন সুবিধাভোগী মৎস্যচাষীকে ৩০০০ টাকা করে আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে। এছাড়া মাছের উৎপাদন বৃক্ষির জন্য ডুষ্টুর রিজার্ভারে এক কোটি এক লক্ষ মাছের পোলা ছাড়া হয়েছে। মৎস্যজীবীরা যাতে এক জায়গা থেকে অন্য জায়গায় জ্যান্ত মাছ বিক্রি করতে পারেন তার জন্য ৭২৪ টি মৎস্য বহনকারী গাড়ি প্রদান করা হয়েছে। মাছ ধরার জন্য ৩৫টি নৌকা প্রদান করা হয়েছে মৎস্যজীবীদের। এছাড়া অর্নামেন্টাল মাছ প্রজননের জন্য ২১টি ইউনিট তৈরি করে দেয়া হয়েছে। স্বল্প জায়গায় যাতে মাছ উৎপাদন করা যায় তার জন্য ১৬ টি বায়োফ্লক ইউনিট তৈরি করা হয়েছে। এছাড়া ১৯টি ভ্রাম্যমান মাছ সংরক্ষণ ও বিক্রির ভেঙ্গিং সেন্টার রয়েছে। এই প্রকল্পে কেন্দ্রের কাছ থেকে রাজ্যের জন্য ৫,৯০৭ লক্ষেরও বেশি টাকা দেয়া হয়েছে। উল্লেখ্য প্রধানমন্ত্রী মৎস্য সম্পদ যোজনায় উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলিতে কতটা সাফল্য লাভ করেছে এই বিষয়ে আগামী ৬ জানুয়ারি গুহাটিতে অনুষ্ঠিত হবে পর্যালোচনা সভা। তাতে অংশগ্রহণ করবেন রাজ্যের মৎস্য মন্ত্রী সুধাংশু দাস ছাড়াও দশ্বরের সচিব ও অধিকর্তা উপস্থিত থাকবেন।

TBSE :

ত্রিপুরা মাধ্যশিক্ষা পর্ষদের সভাপতি ধনঞ্জয় গন চৌধুরী জানিয়েছেন এ বছর মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক পরীক্ষার জন্য নতুন পরীক্ষা কেন্দ্র বাড়ানো হবে না। তিনি জানান এবছর পরীক্ষা কেন্দ্রের সংখ্যা ১৫০ থেকে ১৬০ এর মধ্যে রাখা হচ্ছে। তিনি জানান গত বন্যার ফলে ক্ষতিগ্রস্ত বেশ কয়েকটি পরীক্ষা কেন্দ্র সংস্কার করা সম্ভব হয়নি। ফলে এই কেন্দ্র গুলিকে অন্যান্য কেন্দ্রের সঙ্গে অন্তর্ভুক্ত করা হবে। তিনি জানান এবছর উচ্চ মাধ্যমিক এবং মাধ্যমিক পরীক্ষায় ছাত্র-ছাত্রীর চূড়ান্ত সংখ্যা আগামী ৩১শে জানুয়ারির পর জানা যাবে।

Eye Operation Camp :

"সবার জন্য দৃষ্টি" এই ভাবনায় কৈলাশহরস্থিতি উনকোটি জেলা হাসপাতালে আজ থেকে শুরু হয়েছে দু'দিনব্যাপী মেগা চক্র অপারেশন শিবির। জেলা অঙ্গৰ নিবারণী প্রকল্প ও কৈলাশহর লায়ন্স ক্লাবের উদ্যোগে আয়োজিত শিবিরে মোট পাঁচজন চক্র রোগ বিশেষজ্ঞের তত্ত্বাবধানে এই শিবিরে প্রায় দেড় শতাধিক চোখের ছানি অপারেশন করা হচ্ছে।

* * * * *

Update Akashvani :

এথবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে। আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ড্রিউ. ড্রিউ. ড্রিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্ম-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

* * * * *

PM, Delhi :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ দিল্লিতে একাধিক উন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন। তিনি জেজে ক্লাস্টারের বাসিন্দাদের জন্য প্রায় ১৭০০টি নবনির্মিত ফ্ল্যাটের উদ্বোধন করেন এবং অশোক বিহারে যোগ্য সুবিধাভোগীদের কাছে চাবি হস্তান্তর করেন। প্রধানমন্ত্রী আজ দুটি শহরী পুনঃউন্নয়ন প্রকল্পেরও উদ্বোধন করেন।

এছাড়া দ্বারকায় প্রায় ৩০০ কোটি টাকায় নির্মিত সেন্ট্রাল বোর্ড অফ সেকেন্ডারি এডুকেশনের ইন্টিগ্রেটেড অফিস কমপ্লেক্সেরও উদ্বোধন করেন প্রধানমন্ত্রী।

অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বলেন যে ২০২৫ বিশ্বে ভারতের অবস্থানকে শক্তিশালী করার বছর হবে। তিনি বলেন যে ভারত রাজনৈতিক এবং অর্থনৈতিক স্থিতিশীলতার প্রতীক হয়ে উঠেছে। তিনি জোর দিয়ে বলেন যে এই বছরটি ভারতকে বিশ্বের অন্যতম বৃহত্ম উৎপাদন কেন্দ্রে পরিণত করার বছর হবে। তিনি উল্লেখ করেন যে নতুন বছর দেশের জন্য অপার সম্ভাবনা নিয়ে এসেছে এবং ২০২৫ সালে বিশ্বের তৃতীয় বৃহত্ম অর্থনীতিতে পরিণত হওয়ার যাত্রা গতি পাবে। তিনি দিল্লিতে ক্ষমতাসীন এএপি সরকারের সমালোচনা করেন।

Manipur, Governor :

প্রাক্তন কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিব অজয় কুমার ভাল্লা আজ মণিপুরের রাজ্যপাল হিসাবে শপথ নেন। রাজভবনের দরবার হলে আয়োজিত এক অনুষ্ঠানে তাঁকে শপথবাক্য পাঠ করান মণিপুর হাইকোর্টের প্রধান বিচারপতি ডি কৃষ্ণকুমার। শ্রী ভাল্লা লক্ষ্মণ প্রসাদ আচার্যের স্থলাভিষিক্ত হলেন।

মুখ্যমন্ত্রী এন বীরেন সিং, বিধানসভার অধ্যক্ষ থকচম সত্যব্রত, মন্ত্রিপরিষদের মন্ত্রী, বিধায়ক এবং আধিকারিকরা শপথ গ্রহণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। উল্লেখ্য, ১৯৮৪ সালের ব্যাচের আসাম-মেঘালয় ক্যাডার, অবসরপ্রাপ্ত আই এ এস শ্রী ভাল্লা ২০২৪ সালের আগস্ট পর্যন্ত প্রায় পাঁচ বছর ভারতের স্বরাষ্ট্র সচিব হিসাবে দায়িত্ব পালন করেন।

All Tripura Blind Comitee :

সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা মন্ত্রী টিক্সু রায় লুই ব্রেইলের ২১৬তম জন্মাজ্যন্ত্রী উপলক্ষ্যে আগামী ৫ই জানুয়ারী আগরতলা প্রেস ক্লাবে অল ত্রিপুরা স্লাইন্ড কমিটির উদ্যোগে আয়োজিত সাংস্কৃতিক ও কৃতি সংবর্ধনা অনুষ্ঠানের উদ্বোধন করবেন। উপস্থিত থাকবেন সমবায় মন্ত্রী শুল্কাচরণ গোয়াতিয়া, পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি বলাই গোস্বামী প্রমুখ। কমিটির সাধারণ সম্পাদক সহদেব সাহা এথবর জানিয়ে বলেন

অনুষ্ঠানে ২০২৪ সালের মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষায় দৃষ্টিহীন সহ অন্যান্য দিব্যাঙ্গ ছাত্রছাত্রীদের কৃতি সংবর্ধনা জ্ঞাপন করা হবে। তাছাড়া জাতীয় দৃষ্টিহীন অ্যাথলেটিকস প্রতিযোগিতায় স্বর্ণপদক প্রাপ্ত অ্যাথলেটদের বিশেষ সংবর্ধনা ও নরসিংগড় দৃষ্টিহীন বালক ও বালিকা বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের সংবর্ধিত করা হবে।

* * * * *

Deputation :

মিড ডে মিল কর্মীদের নূন্যতম বেতন ১৮ হাজার টাকা করা, দশ মাসের পরিবর্তে ১২ মাসের পারিশ্রমিক প্রদান করা সহ ৩ দফা দাবি আদায়ের লক্ষ্যে আজ মিড ডে মিল কুক কাম হেল্পার ওয়েলফেয়ার কমিটির পক্ষ থেকে মুখ্যমন্ত্রীর নিকট ডেপুটেশন প্রদান করা হয়। কমিটির আঞ্চায়ক বীর কুমার দেববর্মা বলেন, মি ডে মিল কর্মীরা অত্যন্ত গরীব অংশের মানুষ। তাছাড়া, অর্থনৈতিক দিক দিয়ে তারা পিছিয়ে রয়েছেন। মাত্র ২৫০০ টাকার বিনিময়ে তারা কাজ করছেন। তাছাড়া, কমিটির কর্মীদের বার্ষিক বোনাস দেওয়া, কর্মীদের প্রতিমাসের বেতন প্রদান, অনিয়মিত মিড ডে মিল কর্মীদের নিয়মিত করা, কর্মীদের পেনশন চালু করা, অবসরকালীন সময়ে এককালীন ৫ লক্ষ টাকা আর্থিক সহায়তা প্রদান করা ইত্যাদির দাবী জানানো হয় কমিটির পক্ষ থেকে।

* * * * *

Seminar on Savitribai Phule's birthday :

দেশের প্রথম শিক্ষিকা, সমাজ সংস্কারক, কবি, লিঙ্গ ও বর্ণ বৈষম্যের বিরুদ্ধে আন্দোলনের অন্যতম নেত্রী সাবিত্রী বাংল ফুলের ১৯৫ তম জন্মদিন উদযাপন উপলক্ষ্যে বিলোনিয়ায় সারা ভারত গণতান্ত্রিক নারী সমিতির উদ্যোগে আজ বিলোনিয়ার কর্ণণা রায় স্মৃতি ভবনে শ্রদ্ধাঞ্জাপন ও আলোচনাসভা অনুষ্ঠিত হয়। সভায় প্রাক্তন সাংসদ ঝর্ণা দাস বৈদ্য, সিপিআইএম বিলোনিয়া মহকুমা সম্পাদক বিজয় তিলক, নারী নেত্রী

শিউলি লোধ প্রমুখ সাবিত্রী বাঞ্জি ফুলের প্রতিকৃতিতে শুন্দা জানান এবং তাঁর জীবনের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন।

* * * * *

Beti Bachao Beti Padhao :

উনকোটি জেলা প্রশাসন ও যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের উদ্যোগে আজ কৈলাশহরে "বেটি বাঁচাও বেটি পড়াও" কর্মসূচির অধীনে এক দৌড় প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতার উদ্বোধন করেন, কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায়। বক্তব্য রাখেন, উনকোটি জেলার জেলা শাসক দিলীপ কুমার চাকমা, যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের সহ-অধিকর্তা অমিত কুমার যাদব প্রমুখ। তিনি কিলোমিটারব্যাপী এই দৌড় প্রতিযোগিতায় ৬০ জন যুবতী অংশ নেন। প্রতিযোগিতা শেষে বিজয়ীদের পুরস্কৃত করা হয়।

* * * * *

Health Camp :

পিএমশ্বী জোলাইবাড়ি এম এম দ্বাদশ বালিকা বিদ্যালয়ে আজ এক মেগা স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে জোলাইবাড়ি সামাজিক স্বাস্থ্যকেন্দ্রের দল চিকিৎসক সুস্থিতা বিশ্বাস ও হোমিও চিকিৎসক পূজা মজুমদার স্কুলের প্রথম থেকে দ্বাদশ শ্রেণীর ৬৪০ জন ছাত্র-ছাত্রীর স্বাস্থ্য পরীক্ষা করেন। স্কুলের ভারপ্রাপ্ত শিক্ষক অর্ধেন্দু ভৌমিক জানান, স্কুলের কোন ছাত্র-ছাত্রীর বড় কোন স্বাস্থ্য বিষয়ক সমস্যা চিহ্নিত না হলেও প্রাথমিক বিভাগের কিছু ছাত্র-ছাত্রীর মুখমন্ডলের সমস্যা চিহ্নিত করে তাদের প্রয়োজনীয় ঔষধ প্রদান করা হয়।

* * * * *

Vijay Merchant :

ত্রিপুরা ও বিহারের মধ্যে বিজয় মার্চেন্ট ট্রফি অনুষ্ঠৰ ১৬ বছরের ক্রিকেটের প্লেট গ্র্যান্ড ফাইন্যাল খেলা আজ থেকে ভুবনেশ্বরে শুরু হয়েছে। বিকাশ

ক্রিকেট মাঠে চারদিনের এই ম্যাচে টমে জিতে ব্যাট করতে নেমে বিহার প্রথম ইনিংসে প্রথম দিনের শেষে ৯ উইকেট হারিয়ে ২৭৯ রান করে।

* * * * *

Sadar 13 Cricket :

টিসি পরিচালিত সদরের অনুর্ধ্ব ১৩ বছরের ক্রিকেট প্রতিযোগিতার আজ চারটি খেলা হয়। এতে নরসিংগড়ের পঞ্চায়েত মাঠে ক্রিকেট অনুরাগী কোচিং সেন্টার ১৩০ রানে মডার্ন ক্রিকেট একাডেমিকে, নেপকো মাঠে কর্ণেল চৌমুহনী কোচিং সেন্টার ১১০ রানে মৌচাক কোচিং সেন্টারকে, বি কে এন ভি মাঠে এন এস আর সি সি ২৪৮ রানে বাধারঘাট কোচিং সেন্টারকে এবং আশ্বেদকর স্কুল মাঠে জিবি প্লে সেন্টার ৩৩৭ রানে ব্লাডমাউথ ক্লাবকে পরাজিত করে।

* * * * *

Weather :

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়বে। তাপমাত্রা সর্বোচ্চ ২২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনে সর্বোচ্চ তাপমাত্রা ছিল ১৯ দশমিক দুই ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৪ দশমিক ৭ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল সকালে রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে ঘন কুয়াশা পড়ার সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর।

* * * * *